

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পররাষ্ট্র মন্ত্রণালয়
দক্ষিণ এশিয়া অনুবিভাগ
ঢাকা

নং: ১৯.০০.০০০০.৪১১.৩৪.১২৯.১৭- ২৮২

১০ ডিসেম্বর ২০১৮

প্রেরক: সুডানা ইকরাম চৌধুরী
সিনিয়র সহকারী সচিব (দক্ষিণ এশিয়া-০২)
পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা

প্রাপক: প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা
পররাষ্ট্র বিষয়ক
সেগুনবাগিচা, ঢাকা

বিষয়ঃ আগামী ১৬ ডিসেম্বর ২০১৮ তারিখে কলকাতায় অনুষ্ঠিতব্য মহান মুক্তিযুদ্ধে শহীদ ভারতীয় সৈনিকদের “মুক্তিযুদ্ধ সম্মাননা” প্রদান অনুষ্ঠানে বাংলাদেশ প্রতিনিধিদলের অংশগ্রহণ প্রসঙ্গে

জনাব,


উপর্যুক্ত বিষয়ে নিম্ন স্বাক্ষরকারী আদিষ্ট হয়ে জানাচ্ছে যে, ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধে শহীদ ভারতীয় সশস্ত্র বাহিনীর সদস্যদের “মুক্তিযুদ্ধ সম্মাননা” প্রদানের ধারাবাহিকতায় আগামী ১৬ ডিসেম্বর ২০১৮ তারিখে কলকাতায় অনুষ্ঠিতব্য “মুক্তিযুদ্ধ সম্মাননা” প্রদান অনুষ্ঠানে অংশগ্রহণের জন্য মাননীয় মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রীর নেতৃত্বে নিম্নোল্লিখিত প্রতিনিধি দল কলকাতা, ভারত সফর করবেনঃ

- ক) জনাব আ.ক.ম. মোজাম্মেল হক, এম.পি, মাননীয় মন্ত্রী, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
- খ) মেজর জেনারেল (অব.) আবদুল হাফিজ মল্লিক, সদস্য, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্মৃতি জাদুঘর
- গ) জনাব রশীদুল আলম, যুদ্ধাহত মুক্তিযোদ্ধা ও প্রাক্তন সচিব এবং সদস্য, জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল (জামুকা)
- ঘ) লে. কর্নেল (অব.) কাজী সাজ্জাদ আলী জহির, বীরপ্রতীক
- ঙ) জনাব মোঃ আজিজুর রহমান, মহাপরিচালক-৩, প্রধানমন্ত্রীর কার্যালয়
- চ) জনাব মোঃ জহরুল ইসলাম রোহেল, যুগ্ম সচিব (উন্নয়ন), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
- ছ) জনাব মোঃ রিয়াদ হোসেন, পরিচালক, দক্ষিণ এশিয়া অনুবিভাগ, পররাষ্ট্র মন্ত্রণালয়
- জ) জনাব মোঃ মোস্তফা কামাল (বিডি/৮৫৩২), পিএসসি, এটিসি, উইং কমান্ডার, সশস্ত্র বাহিনী বিভাগ

০২। উল্লিখিত ভ্রমণের শর্তাবলী নিম্নরূপঃ

- ক) আপনি আগামী ১৫ ডিসেম্বর ২০১৮ বা এর নিকটবর্তী তারিখে কলকাতার উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করবেন এবং ১৭ ডিসেম্বর ২০১৮ বা এর নিকটবর্তী তারিখে ঢাকায় প্রত্যাবর্তন করবেন।
- খ) ভ্রমণকালীন সময়ে আপনি মন্ত্রণালয়ে কর্মরত আছেন বলে গণ্য হবেন এবং আপনি বেতন ভাতার কোন অংশ বৈদেশিক মুদ্রায় প্রাপ্য হবেন না।
- গ) আপনি ভ্রমণ সংক্রান্ত যাতায়াতের জন্য বিমান ভাড়া এবং বিধি অনুযায়ী অন্যান্য শুল্কভাড়া প্রাপ্য হবেন; এতদুদ্দেশ্যে মাননীয় মন্ত্রী ও মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের কর্মকর্তার যাবতীয় ভ্রমণ সংক্রান্ত ব্যয় মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট বাজেট খাত থেকে মেটানো হবে। অন্যান্য সকল সদস্যের যাবতীয় ভ্রমণ ব্যয় পররাষ্ট্র মন্ত্রণালয়ের ২০১৮-২০১৯ অর্থ বছরের বাজেট বরাদ্দের সংশ্লিষ্ট খাত হতে মেটানো হবে।
- ঘ) অনুমোদিত সময়ের অতিরিক্ত আপনি বিদেশে অবস্থান করতে পারবেন না।

০৩। রাষ্ট্রীয় প্রয়োজনে ও জনস্বার্থে এই ভ্রমণে যথাযথ কর্তৃপক্ষের সম্মতি রয়েছে।



(সুডানা ইকরাম চৌধুরী)
সিনিয়র সহকারী সচিব (দক্ষিণ এশিয়া-০২)
দূরালোপনী : ৯৫৫৪৬১৬
মোবাইল: ০১৭৫৯১৩০৮৫৭
ই-মেইল: sa2@mofa.gov.bd
ফ্যাক্স: ৯৫৫৫২৮৩

নং: ১৯.০০.০০০০.৪১১.৩৪.১২৯.১৭- ২৮-২

১০ ডিসেম্বর ২০১৮

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ
(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ০২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। মহাপরিচালক (প্রশাসন/দক্ষিণ এশিয়া), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা
- ০৪। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
- ০৫। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা (পররাষ্ট্র বিষয়ক), সেগুনবাগিচা, ঢাকা
- ০৬। পরিচালক (এফএসও/অর্থ), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা
- ০৭। পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা
- ০৮। সহকারী সচিব (সাধারণ সেবা/তহবিল), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা
- ০৯। সহকারী সচিব (আই সি টি), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ১০। বাংলাদেশ ডেপুটি হাই কমিশন, কলকাতা, ভারত
- ১১। অফিস কপি



(সুডানা ইকরাম চৌধুরী)

সিনিয়র সহকারী সচিব (দক্ষিণ এশিয়া-০২)